

স্মারক নং-৪৫.১৩৭.১০৩.০১.০০.০১৩.২০১১- ২০৫৪


তারিখঃ ১৫/১২/২০১১ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৬/১০/২০১১ তারিখের ৮০.১০৭.০১১.০০.০০.০০৪.২০১১ (গোপনীয়)/  
অংশ-১৫৫৭/২০১১/১১৩ সংখ্যক পত্রের সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'সিস্টেম এনালিস্ট' এর রাজস্বস্বাতন্ত্র্য  
অস্থায়ী পদে জনাব আহমেদ লতিফুল হোসেন, পিতাঃ জনাব মোঃ দলিল উদ্দিন মডল, গ্রামঃ রামেশ্বরপুর, ডাকঘরঃ হাটশ্যামগঞ্জ,  
উপজেলাঃ ঘোড়াঘাট, জেলাঃ দিনাজপুর (রেজিঃ নং ০০০০৩২)-কে জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ২২২৫০.৯০০X১০-৩১২৫০/-  
টাকা বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

- (১) উক্ত পদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ সরকার যেখানে ফেরূপ প্রয়োজন মনে করবে গ্রহণ করতে হবে ;
- (২) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে এবং পদ স্থায়ী হওয়া সাপেক্ষে তাঁর চাকুরি স্থায়ী করা হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- (৩) চাকুরিতে যোগদানের পর ০২(দুই) বছরের মধ্যে তিনি যদি ন্যায় সঙ্গত কারণ ছাড়া চাকুরিতে ইচ্ছা দেন না দিতে ইচ্ছুক হন, তবে তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুজোহিক হিসেবে প্রদত্ত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং তিনি যদি সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে চাকুরিতে অনুপস্থিত থাকেন তবে তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এন্ট্রি, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায় করা হবে ;
- (৪) তিনি কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে ;
- (৫) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;
- (৬) তাঁর চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতবা বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্র বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।
- (৭) যদি উপরের শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয়, তাহলে পত্র জারির তারিখ হতে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (৮) জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মুহম্মদ হুমায়ুন করিম)  
সচিব

তারিখঃ ১৫/১২/২০১১ খ্রিস্টাব্দ

স্মারক নং-৪৫.১৩৭.১০৩.০১.০০.০১৩.২০১১- ২০৫৪/২(২০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। জনাব আহমেদ লতিফুল হোসেন, পিতাঃ জনাব মোঃ দলিল উদ্দিন মডল, গ্রামঃ রামেশ্বরপুর, ডাকঘরঃ হাটশ্যামগঞ্জ, উপজেলাঃ ঘোড়াঘাট, জেলাঃ দিনাজপুর।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

  
(রেজওয়ানুর রহমান) ১৬/১২/২০১১

সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৭০৯৬

[sasadmin1@mohfw.gov.bd](mailto:sasadmin1@mohfw.gov.bd)